JAN. 25 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

কর্তৃপক্ষ নির্বিকার ॥ পরীক্ষার্থীরা হতাশ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে এক বছর আগের পরীক্ষার ফল এখনও প্রকাশিত হয় নাই

পাবনা সংবাদদাতা ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অদূরদর্শিতা ও উদাসীনতার কারণে মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশে অস্বাভাবিক বিলম্বহেতু হাজার হাজার ছাত্র-ছাত্রী এক অবর্ণনীয় কষ্টের মধ্যে দিনযাপন করিতেছে। ছাত্ররা প্রতিদিনই পরীক্ষার ফল পাইবার আশায় অধীর আগ্রহে প্রহর গুনিতেছে। পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্র হাতে না পাওয়ায় তাহারা চাকুরির জন্য আবেদন করিতে পারিতেছে না। অথচ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে নির্বিকার। এদিকে এমনিতেই ৩/৪ বৎসরের সেশনজটের কারণে ছাত্র-ছাত্রীদের বয়স চাকুরির বয়সসীমার প্রায় প্রান্তসীমায় পৌছাইয়াছে। ইহার উপর পরীক্ষার ফলাফল প্রকাশ করিতে আরও প্রায় ৬ মাস হইতে ১ বৎসর বা তদূর্ধ্বকাল সময় বেশী নেওয়া হইতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

জানা গিয়াছে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ও সর্বশেষ ডিগ্রী (১৩শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

১৯৯৬-এর মাস্টার্স শেষবর্ষের চূড়ান্ত পরীক্ষা ১৯৯৯ সালের ২৬শে অক্টোবর শুরু হইয়া ২০০০ সালের ফেব্রুয়ারী মাসে শেষ হয়। পরীক্ষা শেষ হওয়ার দীর্ঘ ১ বৎসর অতিক্রান্ত হইলেও হিসাব বিজ্ঞান, বাংলা, ইংরেজী ও রসায়ন শাস্ত্র বিষয়ের ফলাফল এখন পর্যন্ত প্রকাশিত হয় নাই। পাবনা সরকারী এডওয়ার্ড কলেজ হইতে এই ৪ বিষয়ে দুই শতাধিক ছাত্র-ছাত্রী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। আরো উল্লেখ্য যে, ১৯৯৬ সালের মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষার ফলাফল প্রকাশিত হইবার পূর্বেই ১৯৯৭ সালের মাস্টার্স শেষবর্ষের চূড়ান্ত পরীক্ষা ইতিমধ্যেই শেষ হইয়া গিয়াছে। এ পরীক্ষা ২০০০ সালের ১০ই জুন শুরু হইয়া ১লা জুলাই শেষ হইয়াছে। কিন্তু প্রায় ৭ মাস অতিক্রান্ত হইলে এই পরীক্ষার কোন বিষয়েরই ফলাফল এখন পর্যন্ত প্রকাশিত হয় নাই। এদিকে ১৯৯৮ সালের মাস্টার্স শেষ বর্ষের চূড়ান্ত পরীক্ষার তারিখ চলতি (২০০১) বৎসরের ২৪শে ফেব্রুয়ারী হইতে শুরু হইবে বলিয়া ঘোষণা করা হইয়াছে। এখন প্রশ্ন দেখা দিয়াছে আগের দুই (১৯৯৬ ও ১৯৯৭ সালে গৃহীত) পরীক্ষার (যাহা এখন পর্যন্ত প্রকাশিত হয় নাই) ফলাফলে যাহারা অকৃতকার্য হইবে তাহারা কি করিবে? যথাসময়ে পরীক্ষার ফলাফল প্রকাশিত না হওয়ায় সেইসব হতভাগ্য অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িবে।